ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১৬ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ || ৩০ ডিসেম্বর ২০১৯
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : ঢাকা উত্তর সিটি কর্পোরেশন প্রধান কার্যালয় (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে স্বাগত জানান। ৪৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আনিছুর রহমান নাঈম এর পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভায় কার্যক্রম শুরু করা হয়।

সভাপতি তাঁর স্বাগত বক্তব্যের প্রারম্ভে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করেন। মহান এ বিজয়ের মাসে তিনি জাতির সূর্যসন্তান বীর শহিদ মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল স্তরের বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বলেন, ২০১৯ সনের ৭ মার্চ তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট শপথ গ্রহণ করেন। ০৯ মাস দায়িত্ব পালন শেষে আজ তাঁর শেষ কর্মদিবস। মেয়র পদে দায়িত্ব পালনকালে মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে তাঁকে গুরুত্বপূর্ণ নির্দেশনা ও উপদেশ প্রদান করেছেন। তিনি তাঁর বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সভাপতি তাঁর বিদায়ী বক্তব্যে আরো বলেন, তাঁর স্বল্প কর্মকালে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রীসহ বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীবর্গ, সচিববৃন্দ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের উর্ধতন কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে সর্বাত্মক সহযোগিতা ও পরামর্শ প্রদান করে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করেছেন।

সভাপতি জানান, দায়িত্ব গ্রহণের পর থেকেই মেধাবী ছাত্র আবরার এর সড়ক দুর্ঘটনায় অকাল মৃত্যুতে ব্যাপক ছাত্র আন্দোলন, বনানী এফ.আর টাওয়ার ও গুলশান-১ ডিএনসিসি মার্কেটের অগ্নিকান্ড, ঢাকা মহানগরীতে ভয়াবহ ডেঙ্গু রোধের বিস্তার রোধে সর্বস্তরের জনসাধারণকে সাথে নিয়ে ব্যাপক কার্যক্রম গ্রহণ ইত্যাদি গুরুত্বপূর্ণ ঘটনা মোকাবেলায় নিজেকে নিরন্তর সম্পৃক্ত রাখতে হয়েছিল। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় সর্বস্তরের জনসাধারণের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ ও সহযোগিতার জন্য তিনি নগরবাসীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান। স্বল্প সময়ের দায়িত্ব পালনকালে তিনি সকল সম্মানিত কাউন্সিলর ও সিটি কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে সর্বাত্মক সহযোগিতা পেয়েছেন। এজন্য তিনি সকল কাউন্সিলর ও ডিএনসিসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারির প্রতি আন্তরিক ধন্যবাদ জানান। তাঁর দায়িত্ব পালনকালে সংবাদকর্মীগণের আন্তরিক সহযোগিতার জন্য তিনি সকল স্তরের সংবাদকর্মীদের আন্তরিক কৃতজ্ঞতা জানান।।

প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় তাঁর বক্তব্যে অত্যন্ত দক্ষতার সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনায় নেতৃত্ব প্রদানের জন্য সকল কর্মকর্তা-কর্মচারি ও শ্রমিকদের পক্ষ থেকে মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলামকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। আলোচনায় অংশ নিয়ে উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ মাননীয় মেয়রকে তাঁর সফল নেতৃত্ব ও কর্মদক্ষতার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।
অত:পর প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচ্যসূচি-১	:	বিগত ১৬ অক্টোবর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩৩তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে।
আলোচনা	:	বিগত ১৬ অক্টোবর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩৩তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	৩৩তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২	:	**৩৩তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি**
আলোচনা	:	সভায় ৩৩তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ

		যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়।
সিদ্ধান্ত	:	৩৩তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৩	:	হোল্ডিং ট্যাক্স সংগ্রহের জন্য মধুমতি ব্যাংক লিঃ কর্তৃক নিজ খরচে অঞ্চল-১, ২, ৪ ও ৫ এ মোট ৪টি আঞ্চলিক কার্যালয়ে কালেকশন বুথ খোলার অনুমোদন প্রসঙ্গে।
আলোচনা	:	প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স আদায়ের জন্য মধুমতি ব্যাংক লিঃ কর্তৃক নিজ খরচে অঞ্চল-১, ২, ৪ ও ৫ এ মোট ৪টি আঞ্চলিক কার্যালয়ে কালেকশন বুথ খোলার প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদন মোতাবেক কমিটি গঠন, কমিটি কর্তৃক Memorendum of Understanding (MOU) প্রস্তুত এবং MOU আইন বিভাগ কর্তৃক Vetting করা হয়েছে বিধায় হোল্ডিং ট্যাক্স আদায়ের জন্য মধুমতি ব্যাংক লিঃ কর্তৃক নিজ খরচে অঞ্চল-১, ২, ৪ ও ৫ এ মোট ৪টি আঞ্চলিক কার্যালয়ে কালেকশন বুথ খোলার প্রস্তাব উপস্থাপন করা হয়। হোল্ডিং ট্যাক্স সংগ্রহের জন্য মধুমতি ব্যাংক লিঃ কর্তৃক নিজ খরচে অঞ্চল-১, ২, ৪ ও ৫ এ মোট ৪টি আঞ্চলিক কার্যালয়ে কালেকশন বুথ খোলার বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	হোল্ডিং ট্যাক্স আদায়ের জন্য মধুমতি ব্যাংক লিঃ কর্তৃক নিজ খরচে অঞ্চল-১, ২, ৪ ও ৫ এ মোট ৪টি আঞ্চলিক কার্যালয়ে কালেকশন বুথ খোলার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১, ২, ৪ ও ৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৪	:	মোহাম্মদপুর থানাধীন রায়ের বাজার বুদ্ধিজীবী কবরস্থানের ব্লক নং-০৩ জায়গাটি মুক্তিযোদ্ধাদের কবরস্থান হিসেবে সংরক্ষিত স্থান চিহ্নিত করে দেয়াল ও দৃষ্টিনন্দন প্রবেশদ্বার নির্মাণ প্রসঙ্গে।
আলোচনা	:	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ এর মোহাম্মদপুর থানা কমান্ডের পক্ষ থেকে কমান্ডার জনাব মোঃ আব্দুল খালেক মৃত মুক্তিযোদ্ধাদের দাফন করার জন্য রায়ের বাজার কবরস্থানের ৩ নম্বর ব্লকটি বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষণসহ দেয়াল ও দৃষ্টিনন্দন প্রবেশদ্বার নির্মাণ করার আবেদন করেছেন। তিনি আরও উল্লেখ করেন যে, রায়ের বাজার কবরস্থানের ৩ নম্বর ব্লকটিতে প্রায় ১৫ একর জমি রয়েছে। কোন মৃত ব্যক্তির কবর সংরক্ষণের জন্য তার পরিবারের পক্ষ থেকে ইচ্ছা পোষণ করা হলে ঐ মৃত ব্যক্তির কবরও ৩ নম্বর ব্লকে দেয়া হচ্ছে। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধাদের জন্য মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে একটি জায়গা সংরক্ষণ করা রয়েছে। মোহাম্মদপুর থানাধীন রায়ের বাজার বুদ্ধিজীবী কবরস্থানের ব্লক নং-০৩ জায়গাটি মুক্তিযোদ্ধাদের কবরস্থান হিসেবে সংরক্ষিত স্থান চিহ্নিত করে দেয়াল ও দৃষ্টিনন্দন প্রবেশদ্বার নির্মাণের বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	মোহাম্মদপুর থানাধীন রায়ের বাজার বুদ্ধিজীবী কবরস্থানের ব্লক নং-০৩ জায়গাটি মুক্তিযোদ্ধাদের কবরস্থান হিসেবে সংরক্ষিত স্থান চিহ্নিত করে দেয়াল ও দৃষ্টিনন্দন প্রবেশদ্বার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	১. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ২. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতিকুল ইসলাম)
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫.৬৩৩ তারিখঃ ৩০.১২.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ..../সংরক্ষিত আসন নং ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. ...., বিভাগীয় প্রধান (সকল),
৫. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৮. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. অফিস কপি।

৩০/১২
২০১৯

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।